

(প্রেস বিজ্ঞপ্তি)

০৮ মার্চ ২০২৩খ্রি.

### বঙ্গমাতার সংগ্রামী জীবন হোক নারীদের আদর্শ:চসিক মেয়র

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে যে আত্মত্যাগ করেছেন তা থেকে শিক্ষা নেয়ার জন্য নারীদের আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার চট্টগ্রাম ক্লাবের স্কোয়াশ গ্রাউন্ডে মহীয়সী নারী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছার স্মরণে এসএ গুপের বিশেষ চিত্র প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহবান জানান।

মেয়র বলেন, প্রতিটি ক্ষেত্রে তিনি বঙ্গবন্ধুর পাশে থেকে সহযোগিতা করে গেছেন। প্রাণপ্রিয় স্বামী বঙ্গবন্ধুর আদর্শকে ছায়ার মতো অনুসরণ করেছেন। আদর্শ বাস্তবায়নে জীবনে শত প্রতিকূলতা সত্ত্বেও লক্ষ থেকে সরে আসেননি। আজকের নারীদের তাঁর আদর্শ অনুসরণের-অনুকরণের আহবান জানাই।

"বঙ্গমাতার অনুপ্রেরণা শত প্রতিকূলতার মাঝেও জাতির পিতাকে সাহস জুগিয়েছে লড়াই চালিয়ে যাওয়ার। আজ দেশ স্বাধীন হয়েছে। এখন আমাদের লড়াই এ দেশকে উন্নত করার। আর লড়াইয়ের সম্মুখভাগে চাই বঙ্গমাতার আদর্শে উজ্জীবিত নারীদের।"

নারী দিবস উপলক্ষে আয়োজিত উক্ত চিত্র প্রদর্শনীতে বঙ্গমাতার সাহসী জীবন, মুক্তিযুদ্ধে বঙ্গমাতার অবদান, জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জীবনে তার সম্পৃক্ততা এবং একজন প্রেরনাদায়িনী মা'এর অমর কীর্তির প্রতিচ্ছবি তুলে ধরা হয়েছে।

চিত্র প্রদর্শনী উদ্বোধন করেছেন মোঃ রেজাউল করিম চৌধুরী, মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এতে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম ক্লাব লিঃ এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান জহিরুল ইসলাম চৌধুরী আলমগির, ৮ নং শুলকবহর ওয়ার্ডের কাউন্সিলর মোরশেদ আলম, বাংলাদেশ স্কোয়াশ সেভারেশনের সেক্রেটারি ব্রিগেডিয়ার কামরুল ইসলাম (অবঃ), চট্টগ্রাম ক্লাব লিঃ এর স্কোয়াশের মেম্বার ইনচার্জ মোঃ সালামত উল্লাহ (বাহার) এমবিএ, এসএ গুপের ব্যবস্থাপনা পরিচালক সাজ্জাদ আরেফিন আলম।